

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০০.০০.০১৪.২০১৩-১৫

তারিখ : ১৫.০১.২০১৫ খ্রি.

প্রেরক : ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭১১) আওতাধীন "জাতীয় আর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ৪৫০.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৮.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.০০.০০.০১৪.২০১৩-৬৩১ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে আমি "জাতীয় আর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ" শীর্ষক (কোড নং-৫-২৭১১-৫০১৬) প্রকল্পের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নবর্ণিত শর্তে ৩য় কিস্তি বাবদ ৪৫০.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।
(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর (কোড নং-২৭১১)	"জাতীয় আর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ" (কোড নং-৫-২৭১১-৫০১৬)	অনুমোদিত	৩য় কিস্তি বাবদ জিওবি অর্থ	১২.৫০	৪৩৭.৫০	৪৫০.০০

শর্তাবলী :

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
- এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭১১) এর "জাতীয় আর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ" (কোড নং-৫-২৭১১-৫০১৬) হতে বহন করা হবে ;
- পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংক বহির্ভূত) ; এবং
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং স্মারকের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ১৫৪১৫৪০

- পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

নং-৪৫.১৭৪.০০২.০০.০০.০১৪.২০১৩-১৫/১(৭)

তারিখ: ১৫.০২.২০১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. ডা: মো: সিরাজুল ইসলাম মোল্লা (৩২৪৯৪), সহযোগী অধ্যাপক (চক্ষু) (চ:দা:), শহীদ মোহাম্মদ হোসেন মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা, ও প্রকল্প পরিচালক, "জাতীয় আর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (মিল্লাত) সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ড. মো: এনায়েত হক)
উপ সচিব